সংবাদ

তারিখ JUN. 0 1 2006
পৃষ্ঠা ২ কলাম ৩

# কাফনের কাপড় পরে শিক্ষকদের বিক্ষোভ

নিজস্ব বার্তা পরিবেশক

কাফনের কাপড় পরে আমরণ অনশনরত শিক্ষকদের শারীরিক অবস্থা গুরুতর হয়ে পড়েছে। এরই মধ্যে দু'জনকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। অন্যদের বিক্ষোভ : পৃ: ২ ক:

# বিক্ষোভ : শিক্ষকদের

(১ম পৃষ্ঠার পর)

অনশনস্থলেই স্যালাইন দেয়া হচ্ছে। ডায়রিয়া ও জ্বরে আক্রান্ত হয়েছেন বেশ কয়েকজন শিক্ষক।

নেতৃবৃন্দ বলেছেন, জাতীয়করণের দাবি বাস্তবায়ন না হওয়া পর্যন্ত তারা মুক্তাঙ্গনের মাটি ছাড়বেন না। এরই মধ্যে দেশের বিভিন্ন জেলা থেকে হাজার হাজার শিক্ষক-শিক্ষিকা বিদ্যালয়ে তালা ঝুলিয়ে ঢাকায় আসতে শুরু করেছেন বলে নেতৃবৃন্দ বলেন। আজ ১০টার মধ্যে (বৃহস্পতিবার) সব শিক্ষক-শিক্ষিকা মুক্তাঙ্গনে জড়ো হবেন এবং দুপুর ১২টায় বিক্ষোভ মিছিলে যোগ দেবেন বলেও তারা জানান।

গত মঙ্গলবার থেকে ১৭ জন শিক্ষক-শিক্ষকা কাফনের কাপড় পরে মুক্তাঙ্গনে আমরণ অনশন শুরু করেছেন। বিপুলসংখ্যক শিক্ষক-শিক্ষিকা অনশনরতদের পাশে অবস্থান নিয়েছেন। দুপুরে শিক্ষকরা কাফনের কাপড় পরে একটি মৌন মিছিল করেন।



চাকরি জাতীয়করণের দাবিতে গতকাল রাজধানীর মুক্তাঙ্গনে বেসরকারি শিক্ষকরা কাফনের কাপড় পরে মিছিল করেন —সংবাদ

গতকাল সকাল ৯টায় সিরাজগঞ্জের সহকারী শিক্ষক আনোয়ার হোসেন ও দুপুর ২টা ১০ মিনিটে মুলাদী কাঠের চরের সহকারী শিক্ষক নাসির উদ্দিনের অবস্থা গুরুতর অবনতি হলে এম্বুলেন্সে করে তাদের ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়। গত রোববার থেকে টানা অনশনরত অবস্থায় থাকায় আনোয়ার হোসেন ও নাসির উদ্দিনের প্রস্রাব বন্ধ হয়ে গেছে। একই সঙ্গে শ্বাসকষ্ট হচ্ছিল। বর্তমানে তাদের দু'জনের অবস্থা খারাপের দিকে যাচ্ছে বলে শিক্ষক সমিতির নেতা শামসুল আলম জানান। তিনি অভিযোগ করে বলেন, হাসপাতালে নেয়ার পর দু'জনকেই কোন সিট দেয়া হয়নি। তাদের একজনকে ৪ নম্বর ওয়ার্ড এবং অন্যজনকে ২২ নম্বর ওয়ার্ডের ফ্লোরে রাখা হয়েছে। চিকিৎসকরা তাদের চিকিৎসার প্রতি কোন গুরুত্ব দিচ্ছেন না বলে সমিতির পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে।

এদিকে দেশের বিভিন্ন বিভাগ ও জেলা থেকে আসা বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা গতকাল দুপুরে বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি মোহাম্মদ শামসুল আলমের নেতৃত্বে মুক্তাঙ্গন থেকে কাফনের কাপড় পরে একটি মৌন মিছিল করেছেন। মিছিলটি মুক্তাঙ্গন থেকে শুরু করে পল্টন মোড় হয়ে বিজয়নগর, কাকরাইল মোড় ঘুরে মুক্তাঙ্গনে এসে শেষ হয়। মিছিলে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সমিতির মহাসচিব মৃগেন্দ্র মোহন সাহা, সহ-সভাপতি শহীদুল ইসলাম খান, স্বপন কুমার রায়, মো. ইউনুস আলী, যুগ্ম মহাসচিব আবুল কালাম আজাদসহ বিভিন্ন বিভাগ ও জেলা থেকে আসা শিক্ষক নেতৃবৃন্দ। আজ বৃহস্পতিবার শিক্ষকরা একই স্থান থেকে বিক্ষোভ মিছিল করবেন বলে ঘোষণা দিয়েছেন শিক্ষক নেতৃবৃন্দ।

বেসরকারি প্রাথমিক শিক্ষকদের চাকরি জাতীয়করণের এক দফা দাবিতে শিক্ষকরা গত রোববার ৪৮ ঘণ্টা অনশন করার পরও দাবি আদায় না হওয়ায় প্রাথমিক শিক্ষকরা মঙ্গলবার থেকে মুক্তাঙ্গনে আমরণ অনশন শুরু করেছেন। ৪৮ ঘণ্টার অনশনে ৩৫ জন শিক্ষক অংশ নিলেও আমরণ অনশনে ১৭ জন শিক্ষক-শিক্ষিকা অংশ নিয়েছেন। তাদের মধ্যে ১৪ জন শিক্ষক আর ৩ জন শিক্ষিকা। নেতৃবৃন্দ ঢাকাবাসীসহ সব পেশাজীবী, রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংগঠনের সহযোগিতা চেয়েছেন।

আজও শিক্ষকদের দাবির প্রতি বিভিন্ন